



ঢাকা বিশ্ববিদ্যালয়

ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের নিম্নলিখিত পদসমূহ পূরণের জন্য রেজিস্ট্রারের দফতর হতে প্রাপ্তব্য নির্ধারিত আবেদন ফরমে বাংলাদেশের নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

বেতন স্কেল: টাকা: ২২,০০০-৫৩,৬০০/-

যোগ্যতা:

- ১। একটি (০১) শূন্য স্থায়ী প্রভাষক পদ (প্রাক-প্রাথমিক ও প্রাথমিক শিক্ষা): প্রার্থীদের স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ব্যাচেলর অব এডুকেশন (সম্মান) এবং প্রাক প্রাথমিক ও প্রাথমিক শিক্ষায় মাস্টার অব এডুকেশন ডিগ্রি থাকতে হবে।
- ২। একটি (০১) শূন্য স্থায়ী প্রভাষক এবং একটি (০১) অস্থায়ী প্রভাষক (শূন্য স্থায়ী সহযোগী অধ্যাপক পদের বিপরীতে) মোট ০২টি পদ (শিক্ষা প্রশাসন): প্রার্থীদের স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ব্যাচেলর অব এডুকেশন (সম্মান) এবং শিক্ষা প্রশাসনে স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে।
- ৩। একটি (০১) শূন্য স্থায়ী প্রভাষক পদ (সামাজিক বিজ্ঞান শিক্ষা): প্রার্থীদের স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সামাজিক বিজ্ঞান সিস্টেম হতে ব্যাচেলর অব এডুকেশন (সম্মান) এবং সামাজিক বিজ্ঞান শিক্ষায় মাস্টার অব এডুকেশন ডিগ্রি অথবা সমাজ বিজ্ঞানে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে।
- ৪। একটি (০১) শূন্য স্থায়ী প্রভাষক পদ (ইংরেজি): প্রার্থীদের স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ইংরেজি বিষয়ে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রি অথবা ইংরেজি বিষয়ে স্নাতক (সম্মান) ও ELT/TEFL/TESOL বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি অথবা ভাষাশিক্ষা সিস্টেম হতে ব্যাচেলর অব এডুকেশন (সম্মান) এবং ভাষাশিক্ষায় (ইংরেজি) মাস্টার অব এডুকেশন ডিগ্রি থাকতে হবে।
- ৫। একটি (০১) শূন্য স্থায়ী প্রভাষক পদ (বাংলা): প্রার্থীদের স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাংলা বিষয়ে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে অথবা প্রার্থীকে স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে ভাষাশিক্ষা স্ট্রীমের বাংলা বিষয়ের কোর্সসমূহ সম্পন্ন থাকতে হবে।

আবেদনকারী প্রার্থীদের এসএসসি ও এইচএসসি পর্যায়ে প্রথম বিভাগ অথবা জিপিএ স্কেল ৫.০০ এর মধ্যে ন্যূনতম ৪.২৫ থাকতে হবে। স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পর্যায়ে প্রথম শ্রেণি অথবা সিজিপিএ স্কেল ৪.০০ এর মধ্যে ন্যূনতম ৩.৫০ থাকতে হবে। যে সকল প্রার্থী অনার্স বা মাস্টার্স পরীক্ষায় প্রথম স্থান/সর্বোচ্চ সিজিপিএ অর্জন করেছে, তাদের ক্ষেত্রে এসএসসি বা এইচএসসি পরীক্ষার যে কোন একটির অনুমোদিত শর্ত শিথিলযোগ্য। অন্যান্য যোগ্যতা সমান থাকলে উচ্চতর ডিগ্রিধারীগণকে অগ্রাধিকার প্রদান করা যেতে পারে।

০৮ (আট) কপি দরখাস্তের সাথে সার্টিফিকেট, মার্কশিট, প্রশংসাপত্র এবং প্রয়োজনীয় ক্ষেত্রে অভিজ্ঞতার প্রমাণপত্রের সত্যায়িত প্রতিলিপি সংযুক্ত করে রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ৭৫০/- (টাকা সাতশত পঞ্চাশ মাত্র) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফটসহ দরখাস্ত পরিচালক, শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয়-এর নিকট ১৭.০৫.২০২২ তারিখের মধ্যে পৌঁছাতে হবে। চাকুরীর প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।